



A
07.07.2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
পত্র প্রাপ্তি নং ২৫৪৫ তারিখ ০৭/০৭/২৪
নথি নং ২৬.০০১
(জেএস-১) স্বাক্ষর
২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৪৩

বিষয়: ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের
লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-আগস্ট প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmeat.gov.bd/medical> -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ এক বছরের মধ্যে হতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন অনলাইনে আপলোড করতে হবে।

৩। বর্ণিত অবস্থায়, ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-আগস্ট প্রান্তের আবেদন আগামী ৩১/০৮/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-০৭-২০২৪
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তি অবহিত করার অনুরোধসহ]।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৪৩/১ (১০)

২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক (সকল)

২। জেলা শিক্ষা অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

স্মারক নং: ৩৭.০২.৯০৮৯.০০০.১৮.০০১(অংশ-১).২২-২০০৭

তারিখ: ০৭/০৭/২০২৪ খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....। তাঁকে পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ২। সংরক্ষণ নথি।

07.07.2024

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (প্রয়োজনীয় আইটি সহায়তা প্রদান ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

এবং

১০। ব্যক্তিগত সহকারী (বা বস্থাপনা পরিচালক/পরিচালক-এর সদয় অবগতির জন্য) (সকল)।



A handwritten signature in black ink, located to the right of the QR code.

০৪-০৭-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) চিকিৎসা অনুদান নির্দেশিকা, ২০২০